

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩১৬৬

২৭/ আদব

পরিচ্ছেদঃ শয়নের অন্যান্য আদব

আরবী

عَن عَبدِ اللهِ بنِ زَيدٍ رَضِيَ اللهُ عَنهُمَا: أنَّه رَأَى رَسُوْلُ اللهِ عَلَيْ اللهُ عَنهُمَا: أنَّه رَأَى رَسُوْلُ اللهِ عَلَيْ مُسْتَلْقِياً في الْمَسْجِدِ وَاضِعاً إحْدَى رِجْلَيْهِ عَلَى الأُخْرَى متفقٌ عَلَيْهِ

বাংলা

(৩১৬৬) আব্দুল্লাহ ইবনে যায়দ (রাঃ) হতে বর্ণিত, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে মসজিদে এমনভাবে চিৎ হয়ে শোয়া অবস্থায় প্রত্যক্ষ করেছেন যে, তিনি একটি পা অন্য পায়ের উপর চাপিয়ে রেখেছিলেন। (বুখারী ৪৭৫, ৫৯৬৯ মুসলিম ৫৬২৬)

ফুটনোট

* পায়ের উপর পা (খাড়া রেখে) চাপিয়ে শুতে আল্লাহর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিষেধ করেছেন। (আহমাদ ১৩৭৬৬, মুসলিম ২০৯৯, তিরমিয়ী ২৭৬৭)

অবশ্য লজ্জাস্থান বের হওয়ার ভয় মোটেই না থাকলে পা দুটিকে লম্বালম্বিভাবে বিছানায় ফেলে রেখে একটিকে অপরটির উপরে চাপিয়ে রেখে শোওয়া হারাম নয়। যেহেতু মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কখনো কখনো পায়ের উপর পা রেখে চিৎ হয়ে শুয়েছেন। (বুখারী ৫৯৬৯, মুসলিম ২১০০ প্রমুখ) খলীফা উমার ও উসমানও এইভাবে শুয়েছেন। (বুখারী ৪৭৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবন যায়দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন